



ভূমি সেবা ডিজিটাল  
বদলে যাচ্ছে দিনকাল

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৩৭.২৭.১৮১.২২- ২২৪,  
আদেশ

তারিখ: ২৩ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ  
০৫ জুলাই ২০২৩ খ্রিষ্টাব্দ


যেহেতু, জনাব মো: আব্দুর রাজ্জাক, পেশকার, উপজেলা সেটেলমেন্ট অফিস, সাঘাটা, গাইবান্ধা, রংপুর জোন এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(ক) ও ৩(খ) বিধি মোতাবেক অদক্ষতা ও অসদাচরণের অভিযোগে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরে ০১৯/২০২১ নম্বর বিভাগীয় মামলা রুজু করা হয় এবং উক্ত বিভাগীয় মামলায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(ক) ও ৩(খ) বিধি মোতাবেক অদক্ষতা ও অসদাচরণের অপরাধে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(৩)(খ) বিধি মোতাবেক তাকে চাকুরি হতে 'বাধ্যতামূলক অবসর' গুরুদণ্ড আরোপ করা হয়; এবং

যেহেতু, উক্ত বিভাগীয় মামলায় বর্ণিত দণ্ডদেশের বিরুদ্ধে জনাব মো: আব্দুর রাজ্জাক, পেশকার, উপজেলা সেটেলমেন্ট অফিস, সাঘাটা, গাইবান্ধা, রংপুর জোন কর্তৃক দাখিলকৃত আপিল আবেদনের প্রেক্ষিতে ভূমি মন্ত্রণালয়ে ০১/২০২৩ নম্বর আপিল মামলা রুজু করা হয় এবং গত ০৬/০৩/২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ অনুষ্ঠিত আপিল শুনানিতে অভিযোগের বিষয়ে আপিলকারীর বক্তব্য এবং সরকারপক্ষের বক্তব্য গ্রহণ করা হয়। আপিল শুনানিতে আপিলকারীর বক্তব্য সন্তোষজনক বিবেচিত হয়নি; এবং

যেহেতু, বিভাগীয় মামলার নথি পর্যালোচনায় দেখা যায় যে, ০১৯/২০২১ নম্বর বিভাগীয় মামলা পরিচালনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এ বর্ণিত নির্ধারিত পদ্ধতি অনুসৃত হয়েছে, কোন ত্রুটি-বিচ্যুতি পরিলক্ষিত হয়নি, অভিযোগের উপর প্রাপ্ত তথ্যাদি যথার্থ এবং আরোপিত দণ্ড যথাযথ মর্মে আপিল কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হয়েছে;

সেহেতু, সার্বিক বিষয় পর্যালোচনা ও বিশ্লেষণান্তে আপিল শুনানিতে আপিলকারীর বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-২১ মোতাবেক জনাব মো: আব্দুর রাজ্জাক, পেশকার, উপজেলা সেটেলমেন্ট অফিস, সাঘাটা, গাইবান্ধা, রংপুর জোন এর আপিল আবেদন না-মঞ্জুর করা হলো। তার বিরুদ্ধে ০১৯/২০২১ নম্বর বিভাগীয় মামলায় ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ঢাকা কর্তৃক প্রদত্ত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(খ) বিধি মোতাবেক চাকুরি হতে 'বাধ্যতামূলক অবসর' গুরুদণ্ডদেশ বহাল রাখা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


  
০৪/৭/২০২৩  
(মো: খালিলুর রহমান)  
সচিব  
ভূমি মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৩৭.২৭.১৮১.২২-২২৪/১(৯)

তারিখ: ২১ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ  
০৫ জুলাই ২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপিঃ

- ০১। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা।
- ০২। অতিরিক্ত সচিব (প্রশাসন)/অতিরিক্ত সচিব (জরিপ), ভূমি মন্ত্রণালয়।
- ০৩। জোনাল সেটেলমেন্ট অফিসার, রংপুর (আপিলকারী কর্মচারীকে আদেশের কপি জারি করে জারি প্রতিবেদন ভূমি মন্ত্রণালয়ে প্রেরণসহ বিধি মোতাবেক আদেশ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ০৪। জোনাল সেটেলমেন্ট অফিসার, বগুড়া।
- ০৫। সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৭। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, গাইবান্ধা।
- ০৮। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, সাঘাটা, গাইবান্ধা।
- ০৯। প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো)।
- ১০। জনাব মো: আব্দুর রাজ্জাক, পেশকার, উপজেলা সেটেলমেন্ট অফিস, সাঘাটা, গাইবান্ধা, রংপুর জোন।
- ১১। মাস্টার কপি/অফিস কপি।

  
১৭/২৩  
(ইশরাত ফারজানা)  
উপসচিব

ফোন:+৮৮-০২৫৫১০১২৩৯  
ই-মেইল: admin3@minland.gov.bd